

FEB. 12 2002

# তোনের কাগজ

তারিখ ... ... ... ...  
পঞ্জি ১২ কলাম ...

## বিভাসির অবসান চাই

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড চতুর্থ শ্রেণীর সমাজ পরিচিত বইতে যখন আওয়ামী লীগ 'ক্ষমতায়' ছিল তখন '৭১-এর ২৬ মার্চ ঘোষক হিসেবে শেখ মুজিবের নাম বর্ণিতে। তিনি '৭১-এর স্বাধীনতার ঘোষক ছিলেন। বিগত ৫ বছর চতুর্থ শ্রেণীর ছাত্রছাত্রীরা জ্ঞানেছে যে, স্বাধীনতার ঘোষক ছিলেন শেখ মুজিব। কিন্তু, নতুন সরকার বিএনপি, ক্ষমতায় আসার পর পাঠ্য বই পরিবর্তন করে বলেছে যে, বালুরঘাট বেতারপ্রকেন্দ্র থেকে জিয়াউর রহমান স্বাধীনতা ঘোষণা করেন। এ ছাত্রছাত্রী গত বছর চতুর্থ শ্রেণীতে অকৃতকার্য ছিল তারা এইবার অন্যভাবে এটি পুনরায় পাঠ করছে। যার ফলে তারা বিভাসির মুখ্যমুখ্য হচ্ছে।

কিন্তু কেন এই বিভাসি? দুইটি দল ক্ষমতায় আসার পর দুই রকমভাবে '৭১-এর ২৬ মার্চ স্বাধীনতার ঘোষকের নাম' এবং 'কর্মকাণ্ড, ব্যাখ্যা' করেছে। ছাত্রছাত্রীদের অসুবিধার কথা না ভেবে নিজেদের নিয়ে এবং নিজেদের দলকে নিয়ে ভাবছে। তাদের কাছে শিক্ষার মান কতোটুকু? ছাত্রছাত্রীরা কি অর্জন করছে এটা তারা ভাবছে না।

বিভাসি পুনরায়ও ঘটবে যখন আরেক সরকার ক্ষমতায় আসবে। তারা স্বাধীনতার ঘোষক হিসেবে নিজেদের দলের কারণ ও নাম তালে ধরবে। বিভাসির অবসান চাই। স্থায়ীভাবে পাঠ্য বাইতে এক জনের নামই তুলে ধরা হোক। এবং যে সরকারই আসক না কেন এক নামই বহাল রাখা হোক। মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে বিনীত অনুরোধ এই যে, পাঠ্য পৃষ্ঠকে সব সময়ের জন্য একই তথ্য তুলে ধরা হোক। যে সরকারই ক্ষমতায় আসুক না কেন এই নাম যেন ও না বদলায়। তথ্য তো বদলাসো যায় না। এ বিভাসির অবসান চাই আশুরা সকলে।

কাজী তাহমিনানুর বাহি  
প.ফো- ১১২৩৭  
মেওয়ানহাট, চট্টগ্রাম।